

২৬

তথ্য কমিশন বাংলাদেশ
এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

১৪/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার কার্যবিবরণী:

সভাপতি : ডক্টর আবদুল মালেক
প্রধান তথ্য কমিশনার
সভার তারিখ : ১৪/০৩/২০২৪
সভার সময় : বেলা ১১.০০ টা
স্থান : কমিশনের সভাকক্ষ


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তথ্য কমিশনার জনাব শহীদুল আলম বিনু ও তথ্য কমিশনার জনাব মাসুদা ভাট্টি এবং পরিচালকসহ কমিশনের অন্যান্য কর্মকর্তা সভায় উপস্থিত ছিলেন। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন বাংলাদেশ কে আহ্বান জানান। পরিচালক (প্রশাসন), তথ্য কমিশন পর্যায়ক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা/সুপারিশ	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	তথ্য কমিশন বাংলাদেশ এর মধ্য মেয়াদি বাজেট পর্যালোচনা	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২৭ ডিসেম্বর, ২০২৩ তারিখের ৬১৩ স্মারক মূলে ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের প্রক্ষেপণ চেয়ে পত্র জারি করা হয়। সে মোতাবেক তথ্য কমিশন বাংলাদেশ এর ২০২৪-২৫ অর্থবছরের জন্য তথ্য কমিশন বাংলাদেশ এর অনুকূলে ১০০০.০০ লক্ষ টাকার প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের প্রক্ষেপণ সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, তথ্য কমিশন বাংলাদেশ এর বাজেটে ২০২৪-২৫ অর্থবছরের প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের প্রক্ষেপণ অনুমোদনের বিষয়ে কমিশন একমত পোষণ করেন।	তথ্য কমিশন বাংলাদেশ এর বাজেটে ২০২৪-২৫ অর্থবছরের ১০০০.০০ লক্ষ টাকার প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের জন্য যথাক্রমে ১০৭২.৫৭ ও ১১৪৭.৬৫ লক্ষ টাকার প্রক্ষেপণ সভায় অনুমোদন করা হলো।	পরিচালক (প্রশাসন) উপপরিচালক (প্রশাসন) সহ: পরিচালক (হিসাব ও বাজেট)
০২	২০২৪-২৫ অর্থবছরের বাজেট বক্তৃতায় অর্ন্তভুক্তির জন্য তথ্য কমিশন বাংলাদেশ এর তথ্যাদি পর্যালোচনা ও অনুমোদন	আগামী অর্থবছরের বাজেট বক্তৃতাকে আরও তথ্য সমৃদ্ধ এবং সরকারের চলমান ও ভবিষ্যৎ কর্মকাণ্ডের মূল্যবান দলিল হিসেবে উপস্থাপনের লক্ষ্যে বিভিন্ন বিষয় উল্লেখ করে তথ্য চাওয়া হয়েছে। সে মোতাবেক তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণের জন্য তথ্য কমিশন বাংলাদেশ এর প্রতিবেদন প্রস্তুতপূর্বক উপস্থাপন করা হয়েছে যা	২০২৪-২৫ অর্থবছরের বাজেট বক্তৃতায় অর্ন্তভুক্তির লক্ষ্যে তথ্য কমিশন বাংলাদেশ এর তথ্যাদি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুমোদন করা হলো।	পরিচালক (প্রশাসন) উপপরিচালক (প্রশাসন) সহ: পরিচালক (হিসাব ও বাজেট)

১৯

		সভা পর্যালোচনা করা হয়। আলোচনান্তে, ২০২৪-২৫ অর্থবছরের বাজেট বক্তৃতায় অর্গভুক্তির লক্ষ্যে তথ্য কমিশন বাংলাদেশ এর তথ্যাদি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুমোদনের বিষয়ে কমিশন একমত পোষণ করেন।		
০৩	বিবিধ			

০২। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ডক্টর আব্দুল মomen)
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৯.১৮. ৯৩৫

তারিখ: ২০/০৩/২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
- ২) পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
- ৩) প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
- ৪) একান্ত সচিব, তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫) সহকারী পরিচালক(সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
- ৫) গবেষণা কর্মকর্তা/ জনসংযোগ কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার তথ্য কমিশন বাংলাদেশ।
- ৬) তথ্য কমিশনারের ব্যক্তিগত সহকারী, তথ্য কমিশন বাংলাদেশ।
- ৭) অফিস কপি।


(হেলাল আহমেদ)
সহকারী পরিচালক (প্রশাসন)
তথ্য কমিশন বাংলাদেশ